

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ জেইসি শাখা

বাংলাদেশ-চীন যৌথ অর্থনৈতিক কমিশনের ১৫তম সভার প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ-চীন যৌথ অর্থনৈতিক কমিশনের ১৫তম সভা ০১ জুন ২০২৫ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হয়। যৌথ অর্থনৈতিক কমিশনের এ সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন মাননীয় অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ এবং চীনা প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন চীনের মাননীয় বাণিজ্য মন্ত্রী Mr. Wang Wentao।

সভাটি একটি সৌহার্দপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। উভয় পক্ষ দ্বিপাক্ষিক অর্থনৈতিক, বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতাকে একটি নতুন কৌশলগত উচ্চতায় উন্নীত করার জন্য তাদের সর্বোচ্চ প্রতিশ্রুতি ব্যক্ত করে। গত মার্চ, ২০২৫ এ উচ্চ পর্যায়ের চীন সফরে মাননীয় রাষ্ট্রপতি শি জিনপিং এবং মাননীয় প্রধান উপদেষ্টা ডঃ মুহাম্মদ ইউনূসের মধ্যে যে আলোচনা হয়েছিল, সে বিষয়ে সভায় আলোকপাত করা হয়। দুই দেশের মধ্যে নিরবচ্ছিন্ন বাণিজ্য প্রচার এবং সুষম উন্নয়ন অর্জন, শিল্প ও সরবরাহে সহযোগিতা জোরদারকরণ, চলমান প্রকল্প ব্যবস্থাপনায় সহযোগিতা বৃদ্ধি করা, বিভিন্ন চীনা সহায়তার শর্তাবলী যৌক্তিকীকরণসহ বিভিন্ন অর্থনৈতিক খাত বিশেষ করে পাট শিল্পের উন্নয়নের বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। উভয় পক্ষই উন্নত, ন্যায্য ও সুষম বাণিজ্য নীতিমালার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন, যা দুই দেশের জন্য বিশেষ করে বিশ্বজুড়ে বর্তমান অর্থনৈতিক ক্রান্তিকালে টেকসই উন্নয়নে সহায়ক হবে।

সভায় বাংলাদেশ সরকার এবং চীন সরকারের মধ্যে ‘Memorandum of Understanding on Strengthening Economic Cooperation in Industrial and Supply Chains’ শীর্ষক একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। বাংলাদেশের পক্ষে মাননীয় অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ এবং চীন সরকারের পক্ষে চীনের বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী Mr. Wang Wentao সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অদূর ভবিষ্যতে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদারের বিষয়ে উভয় পক্ষ আশাবাদ ব্যক্ত করে। এছাড়াও আগামী ১৬তম জেইসি সভা পারস্পারিক আলোচনার ভিত্তিতে সুবিধাজনক সময়ে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।